# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

স্মারক নং- কোপৌ/WC/UGIIP-III/ তারিখঃ ০২/০৩/২০২০

## নোটিশ

এতদ্বারা কোটালীপাড়া পৌরসভার ৭ নং ওয়ার্ড কমিটির সম্মানিত সদস্যগণকে জানানো যাইতেছে যে, আগামী ০১/০৩/২০২০ ইং তারিখ রোজ রবিবার সময় বিকাল ০৩:০০ ঘটিকার সময় কাউন্সিলর সাহেবের বৈঠক খানায় ৭নং ওয়ার্ড কমিটির সভা অনুষ্ঠিত হইবে।

উক্ত সভায় সম্মানিত সদস্যবৃন্দকে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হইল ।

আলোচ্য বিষয়সমূহঃ-
১) বিগত সভার কার্যবিবরনী পাঠ ও বিতরন।
২) ৭নং ওয়ার্ডে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে আলোচনা।
৩) ৭নং ওয়ার্ডের বিভিন্ন বস্তি উন্নয়ন কাজের অগ্রগতি প্রসেঙ্গ আলোচনা।
৪) করোনা ভাইরাস প্রতিরোধে সচেতনতা বৃদ্ধি প্রসেঙ্গ আলোচনা।
৫) বিবিধ;

02.03.2020

(মোঃ আক্তারুজ্জামান)
৭ নং ওয়ার্ড কাউন্সিলর
ও
সভাপতি
৭ নং ওয়ার্ড কমিটির
কোটালীপাড়া পৌরসভা
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

প্রাপক ঃ জনাব-------------------------------

-------------------------------

সদস্য/ সদস্য-সচিব
৭ নং ওয়ার্ড কমিটি
কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ
১। মেয়র, কোটালীপাড়া পৌরসভা , কোটালীপাড়া , গোপালগঞ্জ।
২। সচিব, কোটালীপাড়া পৌরসভা ,গোপালগঞ্জ।
৩। নির্বাহী প্রকৌশলী, কোটালীপাড়া পৌরসভা , গোপালগঞ্জ।
৪। সংশিষ্ট নথি ।

# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

কোটালীপাড়া, গোপালগঞ্জ।

ফোন নং- ০২৬৬৫১২৬৭ (অফিস), ০২৬৬৫১৩২৫ (বাসা), ফ্যাক্স ঃ ০২৬৬৫১২৬৭

E-mail: mayor_kotali.poura@yahoo.com


## তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরন (সেক্টর) প্রকল্প (UGIIP-III)

৭নং ওয়ার্ড কমিটির সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা সিট

তারিখঃ ০২।০৬।২০২০ইং সময়ঃ বিকাল ০৩.৫০ মিনিট

| ক্রঃনং | নাম | পদবী | কমিটির পদবী | মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ আক্তারুজ্জামান | কাউন্সিলর ৭ নং ওয়ার্ড কোটালীপাড়া পৌরসভা | সভাপতি | ~~০১৭১৩ ৫৪৫৪৮৮~~ | [illegible] ০২.০৬.২০ |
| ০২ | জনাব রাবেয়া বেগম | কাউন্সিলর সংরক্ষিত-০২ কোটালীপাড়া পৌরসভা | সহ সভাপতি | ০১৯২০ ৯৩৬৫৩৩ | রাবেয়া |
| ০৩ | জনাব সুলতান খন্দকার | নাগরিক সমাজের প্রতিনিধি | সদস্য | | সুলতান খন্দকার |
| ০৪ | জনাব নুরুন্নাহার বেগম | নাগরিক সমাজের প্রতিনিধি | সদস্য | | |
| ০৫ | জনাব খান মোঃ মোস্তফা | পেশাজীবি প্রতিনিধি | সদস্য | | মোস্তফা |
| ০৬ | জনাব সোহেলী পারভীন পান্না | পেশাজীবি প্রতিনিধি | সদস্য | | সোহেলী পারভীন |
| ০৭ | জনাব রুহুল আমিন | নগর দরিদ্র প্রতিনিধি | সদস্য | | রুহুল আমিন |
| ০৮ | জনাব আবুল হোসেন | নগর দরিদ্র প্রতিনিধি | সদস্য | | আবুল হোসেন |
| ০৯ | জনাব ফাতেমা শেখ | নগর দরিদ্র প্রতিনিধি | সদস্য | | |
| ১০ | জনাব মাজাহারুল ইসলাম | উপ-সহঃ প্রকৌশলী, কোটালীপাড়া পৌরসভা। | সদস্য -সচিব | ০১৭১১ ৯৩৯৮৩২ | Majahar 02.06.2020 |

# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

কোটালীপাড়া , গোপালগঞ্জ

৭নং ওয়ার্ড কমিটি (WC) এর সভা

তারিখঃ ০১/০৩/২০২০ ইং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ADB এবং OFID - এর সহায়তাপুষ্ট তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরন (সেক্টর) প্রকল্প (UGIIP-3) এর আওতায় কোটালীপাড়া পৌরসভার ওয়ার্ড কমিটি (WC) এর সভার কার্যক্রম জনাব আক্তারুজ্জামান ৭নং ওয়ার্ড কাউন্সিলর এর সভাপতিত্বে কাউন্সিলর সাহেবের বৈঠক খানায় ০১/০৩/২০২০ ইং তারিখে বিকাল ০৪.০০ ঘটিকার সময় শুরু হয়।

আলোচ্য বিষয়সমূহঃ- ১) বিগত সভার কার্যবিবরনী পাঠ ও বিতরন।
২) ৭নং ওয়ার্ডে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে আলোচনা।
৩) ৭নং ওয়ার্ডের বিভিন্ন বস্তি উন্নয়ন কাজের অগ্রগতি প্রসেঙ্গ আলোচনা।
৪) করোনা ভাইরাস প্রতিরোধে সচেতনতা বৃদ্ধি প্রসেঙ্গ আলোচনা।
৫) বিবিধ;

০১.০৩.২০২০

(মোঃ আক্তারুজ্জামান)
সভাপতি
৭নং ওয়ার্ড কমিটি
ও
৭নং ওয়ার্ড কাউন্সিলর
কোটালীপাড়া পৌরসভা ।

WC কমিটির সদস্যদের নাম

০১। জনাব রাবেয়া বেগম, সহ-সভাপতি

০২। জনাব সুলতান খন্দকার -সদস্য

০৩। জনাব নুরুন্নাহার বেগম, সদস্য

০৪। জনাব খান মোঃ মোস্তফা, সদস্য

০৫। জনাব সোহেলী পারভীন পান্না, সদস্য

০৬। জনাব রুহুল আমিন, সদস্য

০৭। জনাব আবুল হোসেন, সদস্য

০৮। জনাব ফাতেমা শেখ, সদস্য

০৯। জনাব মাজাহারুল ইসলাম, সদস্য -সচিব ।

-কার্যবিবরণী-

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব ও সময় |
|---|---|---|---|---|
| ০১ | সূচনা | অদ্য ০১/০৩/২০২০ ইং বিকাল ০৪:০০ ঘটিকার সময় বাংলাদেশ সরকার, ADB এবং OFID - এর সহায়তাপুষ্ট UGIIP-3 এর আওতায় কোটালীপাড়া পৌরসভার ০৭ নং ওয়ার্ড কমিটি (WC) এর সভা জনাব আক্তারুজ্জামান, ৭ নং ওয়ার্ড কাউন্সিলর এর সভাপতিত্বে শুরু হয় এরপর নব গঠিত স্থায়ী কমিটির সকল সদস্যগণ একে অপরের মধ্যে শুভেচ্ছা বিনিময় করেন। | | সচিব |
| ০২ | ৭নং ওয়ার্ডে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে আলোচনা। | WC সম্মানিত সভাপতি এবং ৭নং ওয়ার্ড কাউন্সিলর জনাব মোঃ আক্তারুজ্জামান বলেন - আমি শ্রদ্ধাভরে স্মরণ করছি হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি, স্বাধীন বাংলাদেশের রুপকার বাঙালি জাতির অহংকার জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। অগামী ১৭ই মার্চ, ২০২০ জন্ম শতবার্ষিকীতে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের যুগান্তকারী ভাষণ আর ঐতিহাসিক ঘটনাগুলো পর্যবেক্ষণ, রাজপথের সংগ্রাম, দীর্ঘ কারাবাসসহ দেশ গড়ার কাজে তাঁর নেতৃত্ব দানের নানা দিক সম্বন্ধে জানতে আগ্রহী তরুন প্রজন্ম। তাই পৌরসভা কার্যালয়ের অভ্যন্তরে একটি মুজিব কক্ষ স্থাপন করা যেতে পারে। অগামী ১৭ই মার্চ, ২০২০ জন্ম শতবার্ষিকীতে পৌরসভার পক্ষ থেকে বিভিন্ন উন্নয়ন মূলক কার্যক্রম গ্রহণ যাতে পারে যেমন- পৌরসভার ৯টি ওয়ার্ডের প্রতিটি ওয়ার্ডে ভাঙা রাস্তা মেরামত, নির্দিষ্ট স্থানে ময়লা আবর্জনা ফেলার জন্য ডাষ্টবিন স্থাপন পাশাপাশি পৌরবাসিকে নির্দিষ্ট স্থানে ময়লা বার্জনা ফেলার জন্য উদ্বুদ্ধ করা, পৌরসভার ৯টি ওয়ার্ডের প্রতিটি ওয়ার্ডে পানির লাইন সংযোগ সঠিক নিয়মমেনে হচ্ছে কিনা এবং পৌরসভার পানির বিল সময়মতো পরিশোধ করছে কিনা না করলে এর ক্ষতিকর দিকগুলি তুলে ধরে উদ্বুদ্ধ করা। পানি লাইনে ছোট/বড় সকল ধরনের লিকেজ শতভাগ মেরামত করা। পৌরবাসির পানি সরবরাহ ঠিক রাখা এবং পৌরবাসিকে পানির অপচয় রোধের ব্যাপারে এবং সময়মতো পনির বিল পরিশোধে সচেতনা সৃষ্টির পাশাপশি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বীরত্বগাথা জীবনের মূল অংশ উক্ত লিফলেটে তুলে ধরা। আমাদের চার পার্শ্বের যত অসংগতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতর্ষিকিতে অনুপ্রাণিত হয়ে দূর করা প্রত্যয়ে এগিয়ে চলা। পরিশেষে বাঙালি কবি এবং প্রবান্ধিক অন্নদাশঙ্করের কণ্ঠে কণ্ঠ মিলিয়ে বলতে চাই- "যতকাল রবে পদ্মা যমুনা গৌরি মেঘনা বহমান, ততকাল রবে কীর্তি তোমার শেখ মুজিবুর রহমান" | ৭নং ওয়ার্ডসহ কোটালীপাড়া পৌরসভায় আয়োজনে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী সফল করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনে সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব/ নির্বাহী প্রকৌশলী/ বস্তি উন্নয়ন কর্মকর্তা/ স্যানিটারী ইন্সপেক্টর |
| ০৩ | ৭ নং ওয়ার্ডের বস্তির বিভিন্ন উন্নয়ন মূলক কাজ বাস্তবায়ন প্রসঙ্গে আলোচনা। | WC 'র সম্মানিত সদস্য সচিব জনাব মাজাহারুল ইসলাম বলেন- কোটালীপাড়া পৌরসভাধীন ৭ নং ওয়ার্ডে অবস্থিত মধ্যেকয়খা বস্তিতে রাস্তা (ফুটপাত) নির্মান, পাকা ড্রেইন নির্মাণ, স্বাস্থ্য সম্মত ল্যাট্রিন নির্মাণ, হস্তচালিত নলকূপ/গভীর নলকূপ স্থাপন, ডাষ্টবিন নির্মাণ, রাস্তার (সোলার) সড়কবাতি স্থাপন ভৌত কাজ এসআইসির মাধ্যমে বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে। মধ্যে কয়খা বস্তির স্বাস্থ্য সম্মত টয়লেটের কাজ, রাস্তা (ফুটপাত) নির্মান কাজ এবং হস্তচালিত নলকূপ/গভীর নলকূপ স্থাপন এবং অন্যান্য ভৌত কাজ চলমান। প্রতিটি কাজের গুনগতমান অনেক ভালো।<br>মধ্যকয়খা বস্তিতে - ল্যাট্রিন নির্মানে ব্যয় নিশ্চিত করা হয়েছে- ৬,৯০,২৭০/-<br>টিউবওয়ের স্থাপনে ব্যয় নিশ্চিত করা হয়েছে- ১০,৮৭,৮৫২/-<br>ভ্যাট কর্তন করা হয়েছে - ২,৩১,০৩৫/-<br>মধ্য কয়খা বস্তির এপর্যন্ত মোট ব্যায়িত **টাকার পরিমাণ - ২০,০৯,০০০/-** | ৭ নং ওয়ার্ডের বস্তির বিভিন্ন উন্নয়ন মূলক কাজ সুষ্ঠ ও সুন্দরভাবে সম্পন্ন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব/ নির্বাহী প্রকৌশলী/ বস্তি উন্নয়ন কর্মকর্তা |
| ০৪ | করোনা ভাইরাস | WC সম্মানিত সদস্য জনাব ইচহাক মিয়া বলেন- করোনা ভাইরাস | করোনা ভাইসার | সচিব/ |

| | | | | |
|---|---|---|---|---|
| | প্রতিরোধে সচেতনতা বৃদ্ধি প্রসেঙ্গ আলোচনা। | বর্তমান বিশ্বের ১৫০টিরও অধিক দেশে প্রভাব বিস্তার করেছে। বাংলাদেশেও কয়েটি রোগী সনাক্ত হয়েছে বিধায় এ ভাইরাস সংক্রমণ রোধে সবার সতর্কতা ও সচেতনতা প্রয়োজন। সকলকে এপরিস্থিতি মোকাবেলায় জনসমাগম এড়িয়ে চলতে হবে। নিজেকে নিরাপদ রাখতে করণীয়-সে দিকে আমাদের সকলকে গুরুত্ব দিতে হবে। * যতবেশী পারেন আপনার কণ্ঠনালীকে আদ্র করে রাখুন, কোন অবস্থাতেই শুষ্ক হতে দেয়া যাবে না। * কাজেই তৃষ্ণা পেলেই পানি পান করুন। কণ্ঠনালী যদি শুষ্ক থাকে তবে মাত্র দশ মিনিটেই আপনি এই ভাইরাসে আক্রান্ত হতে পারেন। *৫০ থেকে ৮০ সিসি হালকা গরম পানি পান করুন আর ছোটদের জন্য ৫০ সিসির মধ্যে। *যখনই আপনি মনে করছেন আপনার কণ্ঠনালী শুষ্ক হয়ে আসছে অপেক্ষা না করে দ্রুত পানি পান করুন। * সবসময় হাতের কাছে বিশুদ্ধ পানি রাখুন। * একবারে প্রচুর পানি পান করে লাভ নেই, বরং অল্প অল্প বিরতিতে অল্প অল্প পান করে কণ্ঠনালীকে সব সময় ভিজিয়ে রাখুন। * জনাকীর্ণ জায়গা থেকে দূরে থাকুন। * ট্রেন, বাস এবং যে কোন পাবলিক ট্রান্সপোর্টেশানে মাস্ক পরুন। * ভাজাপোড়া এড়িয়ে চলুন। * যে সব খাবারে প্রচুর ভিটামিন সি আসে সেই খাবারগুলো বেশী করে খান।<br>এ প্রসঙ্গে WC সম্মানিত সদস্যসচিব জনাব মাজাহারুল ইসলাম বলেন - করোনা ভাইরাস হওয়ার লক্ষণ সমূহ আমাদের সকলকে জেনে রাখতে হবে। ১ম লক্ষণ- ঘন ঘণ উচ্চ তাপমাত্রার জ্বর। ২য় লক্ষণ- জ্বরের পর দীর্ঘায়িত কাশি। ৩য় লক্ষণ- বয়স্করে শারীরিক অসুস্থতাবোধ করা, মাথাব্যাথা, বিশেষকরে শ্বাস-প্রশ্বাস জনিত রোগে ভোগা। এছাড়াও শিশুদের হওয়া প্রবণতা বেশি। এই রোগ অত্যন্ত সংক্রামক বা ছোয়াচে। এই রোগে আক্রান্ত হওয়ার আগে সর্বোচ্চ প্রস্তুতি নিন। মনে রাখবেন- ফুসফুসে পৌছানোর আগে করোনা ভাইরাসটি চারদিন পর্যন্ত গলায় থাকে, এই সময়ে আক্রান্ত ব্যক্তি কাশি শুরু করে এবং গলায় ব্যাথা শুরু হয়। যদি তিনি প্রচুর পরিমাণে পানি পান করেন এবং গরম পানি, ভিনেগার বা লবণ দিয়ে জড়ানো ভাইরাসটি নির্মূল করেন, তাহলে খুব শীঘ্রই সুস্থ্য হয়ে উঠবেন। আতংকিত না হয়ে সচেতন হউন। করোনা ভইরাস রোগ প্রতিরোধে রোগতত্ত্ব, রোগনিয়ন্ত্রণ ও গবেষণা ইনষ্টিটিউট (আইইডিসিআর) এর জরুরী হট লাইন নম্বরে কল করুন– ০১৭০০ ৭০০৭৩৭, ০১৯৩৭ ১১০১১, ০১৯৩৭ ০০০০১১, ০১৯২৭ ৭১১৭৮৪, ০১৯২৭৭১১৭৮৫। | প্রতিরোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী/ বস্তি উন্নয়ন কর্মকর্তা/ স্যানিটারী ইন্সপেক্টর |
| ০৫ | বিবিধ | বিবিধে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন। | | |

০৩.০৩.২০২০

(মো: আক্তারুজ্জামান)
সভাপতি
৭নং ওয়ার্ড কমিটি
ও
৭নং ওয়ার্ড কাউন্সিলর
কোটালীপাড়া পৌরসভা ।